ইত্তেফাক

তারিখ ৬।১০।৮১
পৃষ্ঠা ... কলাম ...

৭৬

# জগন্নাথ কলেজে ইন্টারমিডিয়েটে ভর্তি বন্ধ

(ইত্তেফাক রিপোর্ট)

একটানা দীর্ঘ ৯৭ বৎসর চলার পর ঐতিহ্যবাহী জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষাবর্ষ হইতে উচ্চ মাধ্যমিক বিভাগে ভর্তি বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। ফলে এস, এস, সি, পরীক্ষায় সদ্য উত্তীর্ণ ছাত্র ছাত্রীদের বিরাজমান ভর্তি সমস্যা আরও প্রকট আকার ধারণ করিয়াছে। আর এ ক্ষেত্রে পুরাতন ঢাকার ছাত্র-ছাত্রীরাই সর্বাধিক সমস্যার সম্মুখীন হইয়াছে বলিয়া অভিযোগে প্রকাশ। কারণ, বর্তমানে জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ে প্রতি শিক্ষাবর্ষে

(৮ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ কলেজ

(১ম পৃঃ পর)

মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন বিষয়ে গড়ে মোট দুই হাজারেরও বেশী ছাত্র-ছাত্রী ভর্তি হইয়া থাকে।

এ ব্যাপারে গতকাল (বুধবার) জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, স্থান সংকুলান ও পড়াশুনার সুবিধার জন্যই বর্তমান শিক্ষাবর্ষে দিনের পালায় ভর্তি বন্ধ রাখা হইয়াছে। রাত্রের পালায় ভর্তি অব্যাহত আছে। এ ব্যাপারে জনশিক্ষা পরিচালক অফিসকে বিস্তারিত অবহিত করা হইয়াছে। চূড়ান্ত সিদ্ধান্ত ঐ অফিসের মতামতের উপরই নির্ভর করিবে।